07 AUG 2016

সংবাদ

## অভিভাবক ফোরাম

# বেসরকারি স্কুল কলেজের গভর্নিং বড়ির নির্বাচন ও সমাপনী পরীক্ষা বাতিল চায়

<u>নিজস্ব বার্তা পরিবেশক</u>

হাইকোর্টের রায় অনুযায়ী সব বেসরকারি স্কুল-কলেজে সভাপতিসহ গভর্নিং বডির নির্বাচন ও চলতি বছরই ৫ম শ্রেণীর সমাপনী পরীক্ষা (পিইসি) বাতিল করার দাবি জানিয়েছে অভিভাবক ঐক্য ফোরাম। এছাড়া জঙ্গিবাদের বিরুদ্ধে সোচ্চার এবং সামাজিক আন্দোলন গড়ে তোলার আহ্বানও জানিয়েছে ফোরাম। গতকাল জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে এসব কথা জানানো হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ফোরামের সভাপতি মুক্তিযোদ্ধা জিয়াউল কবির দুলু। সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী ড. মো. ইউনুছ আলী আকন্দ, ফোরামের সাধারণ সম্পাদক মো. সেলিম উদ্দিন, শওগতুল আলম ও অ্যাডভোকেট মো. সেলিমসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন সংবাদ সম্মেলনে। জিয়াউল কবির বলেন, শিক্ষার্থীদের মানসিক চাপ ও শৈশব ধ্বংসের পিইসি পরীক্ষাটি এ বছরই বাতিল করা প্রয়োজন। জঙ্গি উত্থানের ও সাম্প্রতিক জঙ্গি হামলার বিরুদ্ধে সবাইকে সোচ্চার হতে হবে। ব্যক্তিগত, পারিবারিক, রাজনৈতিক ও রাষ্ট্রীয় জীবনে নীতিহীনতা পরিহার করে নিজ নিজ সন্তানদের আরও অধিক সময় দেয়া ও নজরে রাখার জন্য অভিভাবকদের প্রতি আহ্বান জানান তিনি।

লিখিত বক্তব্যে মতিঝিল আইডিয়াল ও ভিকারুন নিছা নূন স্কুলের ভর্তি বাণিজ্য ও দুনীতিবাজদের শাস্তি, বিশেষ কমিটি বাতিল করে নিরপেক্ষ ব্যক্তিদের নিয়ে এডহক কমিটি গঠন, পূর্বতন কমিটির সদস্যদের এডহক কমিটিতে অন্তর্ভুক্ত না করা এবং দ্রুত সভাপতিসহ গভর্নিং বডি নির্বাচনের দাবি জানানো হয়। এছাড়া বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক কিংবা নির্বাহী কর্মকর্তাকে আহ্বায়ক করার প্রবিধান সংশোধন করা ও সভাপতির ক্ষেত্রে মনোনয়নের পরিবর্তে নির্বাচনের বিধান সংশোধন করার দাবিও জানানো হয়।